ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 67 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২২৩ ● কলকাতা ● ৩১ শ্রাবণ, ১৪৩২ ● রবিবার ● ১৭ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 30

## হিমালয়ের সমর্পণ যোগ



আপনি কাকে বিতরণ করছেন, কে গ্রহণ করছে, কতটা গ্রহণ করছে, তিনি ঐ জ্ঞানের সদুপযোগ করবেন কিনা, গ্রহণকারী ব্যক্তি যোগ্য কিনা, এ সব দেখাও সাধকের কাজ নয় কারণ সাধক এই জ্ঞান ঐ ব্যক্তির বিকাশের জন্য দিচ্ছেন না। ঐ সাধক এই জ্ঞান অন্যদের এইজন্য দিচ্ছেন যে তিনি যতটা অধিক জ্ঞান বিতরণ করবেন, ততটা অধিক তিনি পাবেন। সাধক নিজের আধ্যাত্মিক প্রগতির জন্যই দিচ্ছেন। আর সাধক এই জ্ঞান দিয়ে সামনের ব্যক্তির উপকার করছেন না, তিনি স্বয়ং নিজের উপকার করছেন।

এক বৃক্ষ প্রকৃতির সঙ্গে জুড়ে আছে।

ক্রমশঃ

# তিলোত্তমার বাবার ইমেইল পেয়েই পদক্ষেপ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

তিলোত্তমার বাবা-মায়ের আর্জির প্রেক্ষিতে সাড়া রাইসিনা হিলসের। রাজ্যের মুখ্যসচিবকে চিঠি দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। গত ৯ অগস্ট নবান্ন অভিযানে তিলোত্তমার মা আক্রান্ত হওয়ার অভিযোগ তুলে রাষ্ট্রপতিকে চিঠি দিয়েছিলেন। এরপরই পাল্টা চিঠি এল রাজ্যের মুখ্যসচিবের কাছে।

এর আগে গত ১৪ অগস্ট রাষ্ট্রপতির একটি ইমেইল আসে তিলোত্তমার বাবার কাছে। সেই ইমেইলে পাশে থাকার আশ্বাস দেওয়া হয়। রাষ্ট্রপতি জানান যে তাঁর আপ্তসহায়ক তিলোত্তমার পরিবারের সঙ্গে যোগাযোগে থাকবেন। যে সমস্যাগুলি হচ্ছে সেগুলি সমাধানের চেষ্টা করবেন বলেও আশ্বাস দেন রাষ্ট্রপতি। গত ৯ অগস্ট ছিল আরজি কর-কাণ্ডে মৃত তরুণীর মৃত্যুবার্ষিকী। ওই দিন নবান্ন অভিযানে পথে নামেন

এরপর ৩ পাতায়






# রয়েছে আধার-প্যান, হাওড়া স্টেশন থেকে পাকড়াও বাংলাদেশি অনুপ্রবেশকারী




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

হাওড়া স্টেশনের নিউ কমপ্লেক্স থেকে বাংলাদেশি এক অনুপ্রবেশকারীকে গ্রেফতার করল পুলিশ। মিজান মিঁয়া নামে ওই অনুপ্রবেশকারী ২২ বছর আগে আগরতলা সীমান্ত পেরিয়ে বাংলাদেশ থেকে এ দেশের মাটিতে পা রাখেন। বানিয়ে নেন ভোটার, আধার ও প্যান কার্ডের মতো সরকারি নথিও। কীভাবে ওই সরকারি নথি হাতিয়ে নিলেন তা জানার চেষ্টা করছে পুলিশ।পুলিশ জানিয়েছে, ২২ বছর আগে আগরতলা সীমান্ত দিয়ে অবৈধভাবে এ দেশে ঢোকেন মিজান। পরে স্থানীয় মহিলাকে বিয়ে করে সংসার পাতেন। দালাল চক্রের সাহায্যে আধার কার্ড, ভোটার কার্ড এবং প্যান কার্ডও তৈরি করান। কাজের সূত্রে চেন্নাইয়ে গিয়েছিলেন। শুক্রবার (১৫ অগস্ট) চেন্নাই থেকে ফেরেন। দিন কয়েক আগে বাঙালি হেনস্থা নিয়ে বিজেপি সরকারের সমালোচনা করে সমাজমাধ্যমে পোস্ট করেছিলেন মিজান। হাওড়া স্টেশনে নামতেই তাঁকে ঘিরে ধরেন বিজেপি নেতা-কর্মীরা। খবর দেওয়া হয় গোলাবাড়ি থানায়। পুলিশ গিয়ে মিজানকে হেফাজতে নেয়। জেরায় মিজান বাংলাদেশি হওয়ার কথা স্বীকার করে নেন। নিজের বাংলাদেশি পরিচয়পত্রও দেখান তিনি।ইতিমধ্যেই মিজানের গ্রেফতার নিয়ে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের সঙ্গে বিজেপির বাকযুদ্ধ শুরু হয়েছে।

হরিয়ানা, মহারাষ্ট্র, গুজরাত, ওড়িশা সহ একাধিক বিজেপি শাসিত রাজ্যে শুরু হয়েছে বাঙালি ও বাংলাদেশি খেদাও অভিযান। বাংলাদেশি সন্দেহে প্রতিদিনই গ্রেফতার করা হচ্ছে বহু মানুষকে। বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাঙালি হেনস্থা নিয়ে সরব হয়েছেন খোদ মুক্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাল্টা সুর চড়িয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও। এদিনও দিল্লির লালকেল্লা থেকে স্বাধীনতা দিবসের ভাষণে তিনি স্পষ্ট ভাষায় বলেছেন 'দেশের নিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়ানো কোনও অনুপ্রবেশকারীকে রেয়াত করা হবে না।'

# ইসকন মন্দিরে রেকর্ড পরিমাণ ভক্ত সমাগম



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**মায়াপুর:** ইসকন মায়াপুরে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী মহোৎসবকে ঘিরে সাজো সাজো রব।ইসকনের প্রধান কেন্দ্র শ্রীধাম মায়াপুর সহ বিশ্বব্যাপী বিভিন্ন শাখাকেন্দ্রে ভগবান শ্রীকৃষ্ণের ৫২৫২ তম শুভ আবির্ভাব তিথি তথা জন্মাষ্টমী মহোৎসব পালিত হচ্ছে যথাযথ ধর্মীয় মর্যাদা ও রীতি নীতি মেনে।তিনি কঠোর হস্তে অসুর ও দানবীয় পাশবিক শক্তিকে দমন করেছিলেন।প্রেম,সখ্য মৈত্রী ও শান্তি স্থাপন করেছিলেন।তাঁর জীবন,বানী আদর্শ ও শিক্ষা আজও সমানভাবে গ্রহনীয়। আজও বিশ্বব্যাপী দুর্বলের উপর চলছে সবলের অত্যাচার।সংকীর্ণ

এরপর ৪ পাতায়

# বুলা চৌধুরীর পদ্মশ্রী চুরির তদন্তে CID

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

হুগলি: প্রাক্তন সাঁতারু বুলা চৌধুরীর হিন্দমোটরের দেবাইপুকুরের বাড়ি থেকে পদ্মশ্রী চুরির ঘটনায় তোলপাড়। তদন্তে নামল সিআইডি। শুক্রবার সকালে সিআইডি আধিকারিক এবং ফিঙ্গারপ্রিন্ট বিশেষজ্ঞরা ওই বাড়িতে যান। নমুনা সংগ্রহ করেন তাঁরা। প্রাথমিকভাবে তদন্তকারীদের অনুমান, দুষ্কৃতীরা স্থানীয় কেউ।এদিকে, চুরির খবর পাওয়ামাত্র কলকাতা থেকে উত্তরপাড়ায় যান বুলা। বাড়িতে ঢুকে কান্নায় ভেঙে পড়েন। তিনি জানান, এই বাড়িটিতে আগেও চুরির ঘটনা ঘটেছিল। থানায় অভিযোগ জানানো হয়। তবে তদন্ত হয়নি বলেই অভিযোগ তাঁর। তারই মাঝে ফের চুরি। এই প্রসঙ্গে পদ্মশ্রী সাঁতারু আরও বলেন, "মেডেল কেন



নিচ্ছে? সেগুলোর কোনও দাম পাবে না। সেগুলো আমার জীবনের সম্পদ। কেরিয়ারের প্রাপ্তি। আমার বাড়ি ফাঁকা থাকে বলে প্রতিবার এটাকে টার্গেট করা হচ্ছে।" এই ঘটনার পর শনিবার উত্তরপাড়া থানার আইসি অমিতাভ সান্যাল, এসিপি ৩ আলি রাজা, ডিসিপি শ্রীরামপুর অর্ণব বিশ্বাস ঘটনার তদন্ত শুরু করেন। কয়েকজন পরিচিত দুষ্কৃতীকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে পুলিশ সূত্রে খবর।তারা জানত বাড়ি ফাঁকা থাকে। আর সেই সুযোগে ঘরে ঢুকে লুটপাট চালায়।

হিন্দমোটরের দেবাইপুকুর রোডে বুলা চৌধুরীর আদি বাড়ি। বর্তমানে সপরিবারে বুলা চৌধুরী কলকাতার কসবায় ফ্ল্যাটে থাকেন। তাই তাঁর আদি বাড়ি ফাঁকাই থাকে। মাঝেমধ্যে উত্তরপাড়ার এই বাড়িটি দেখাশোনা করেন বুলার ভাই মিলন চৌধুরী। তিনি কিছুটা দূরে থাকেন। স্বাধীনতা দিবসে ছুটি ছিল মিলনের। দিদির নির্দেশমতো এদিন তিনি ঘর পরিষ্কার করাতে যান। বাড়িতে ঢুকে তাজ্জব হয়ে যান। দেখেন পিছনের দিকে থাকা গেট ভাঙা। ঘর লণ্ডভণ্ড। বুলা চৌধুরীর জেতা মেডেল, স্মারক সব চুরি গিয়েছে। শুধু তাই নয়। বাথরুমের কল, ঠাকুরের জিনিসপত্র, লক্ষ্মীর ভাঁড়ও চুরি হয়ে গিয়েছে। প্রায় সঙ্গে সঙ্গে উত্তরপাড়া থানায় অভিযোগ জানান।






(১ম পাতার পর)

# তিলোত্তমার বাবার ইমেইল পেয়েই পদক্ষেপ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর

তিলোত্তমার বাবা-মা। সেই অভিযানের মাঝেই আক্রান্ত হতে হয় তাঁকে। পুলিশের বিরুদ্ধে ওঠে অভিযোগ। সেই অভিযোগের কথা জানিয়ে রাষ্ট্রপতিকে একটি ইমেইল করা হয়েছে তিলোত্তমার বাবা-মায়ের তরফ থেকে।

গত ১৩ অগস্ট, রাষ্ট্রপতিকে মেইল করেন তিলোত্তমার বাবা। তিনি লেখেন, “আমাদের হুমকি দেওয়া হচ্ছে। আমাদের বাঁচান। আমরা সব হারিয়েছি। আমার মেয়েকে নৃশংসভাবে খুন করা হয়েছে। আমার মেয়ের মৃত্যুবার্ষিকীতে স্ত্রীকে আক্রমণ করা হয়েছে। এই নিয়ে তিনবার আমরা মেইল করলাম। আমাদের অনুরোধ এবার উত্তর দিন।”

এবার তিলোত্তমার বাবা-মায়ের আবেদনের প্রেক্ষিতে পদক্ষেপ রাইসিনা হিলসের। তাঁদের আর্জির প্রেক্ষিতে মুখ্যসচিবের কাছে রিপোর্ট তলব রাষ্ট্রপতির। কী পদক্ষেপ করা হয়েছে, তা জানতে চাওয়া হয়েছে।

# কৌশিকী অমাবস্যায় অতিরিক্ত হোটেল ভাড়া রুখতে চালু হচ্ছে বিশেষ 'হেল্প ডেস্ক'

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



**তারাপীঠ:** আর দিন কয়েক পরেই তারাপীঠের ভাদ্র মাসের কৌশিকী অমাবস্যা। এক কথায় তারাপীঠের সবচেয়ে বড় মেগা উৎসব এটি। এমনিতে প্রত্যেকদিন দেশ ছাড়িয়ে বিদেশের বহু পর্যটক তারাপীঠ মা তারার মন্দির দর্শনের জন্য ছুটে আসেন। তবে এই ভাদ্র মাসের কৌশিকী অমাবস্যার এক অন্য প্রাধান্য এবং গুরুত্ব রয়েছে।অন্যদিকে কৌশিক আমাবস্যা দিন তারাপীঠে আগত পর্যটকদের হোটেল সংক্রান্ত যদি কোন সমস্যা হয় সেজন্য খোলা থাকবে হেল্প ডেস্ক বলে জানা গেছে। যদি কোনও হোটেল কর্তৃপক্ষ অতিরিক্ত ভাড়ার দাবি করেন তাহলে সেই হেল্প ডেস্ক এ এসে জানালে হোটেল অ্যাসোসিয়েশন সঙ্গে সঙ্গে সেই হোটেলের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করবে। কৌশিকী অমাবস্যা উপলক্ষে গোটা তারাপীঠ ঘিরে বিশেষ নিরাপত্তা বলায় গড়ে তুলছে পুলিশ।

ভক্তদের বিশ্বাস এই অমাবস্যার দিন মা তারার কাছে কোনও মনস্কামনা করলে এবং মা তারার কাছে মন ভরে প্রার্থনা করলে অসাধ্য সাধন হয়। আর সেই কারণেই প্রত্যেক বছর এই তারাপীঠ চত্বরে প্রায় কয়েক লক্ষ পর্যটকদের সমাগম ঘটে।তবে বিগত বেশ কয়েক বছর ধরে কৌশিকী অমাবস্যার দিন তারাপীঠে পর্যটকদের সংখ্যা অনেকটাই কমেছে। তবে হঠাৎ কেন এমন অবস্থা হল? এই বিষয়ে পর্যটক থেকে শুরু করে প্রশাসনের দাবি প্রশাসনের তরফ থেকে একাধিকবার মানা করার পরেও বেশ কিছু হোটেল অতিরিক্ত ভাড়া নির্ধারিত করছে পর্যটকদের জন্য।

অন্যদিকে তিনদিনের জন্য প্যাকেজেরও সিস্টেম করে দিচ্ছে হোটেল কর্তৃপক্ষ। আর তার ফলে মধ্যবিত্তদের পক্ষে আমাবস্যার দিন পুজো দিতে এসে তিন দিনের প্যাকেজে তারাপীঠে থেকে এত টাকা খরচা করার মত সামর্থ্য হয়ে উঠছে না।আর সেই কারণেই এই বছর হোটেল অ্যাসোসিয়েশনের তরফ থেকে স্পষ্ট ভাবে জানিয়ে দেওয়া হয়েছে কোনভাবেই তিন দিনের প্যাকেজ রাখা যাবে না। কোনও পর্যটক যদি এসে একদিন থেকে মা তারা পুজো দিয়ে ফিরে যেতে চান তাহলে সেই সমস্ত পর্যটকদের একদিনের জন্যও হোটেল ভাড়া দিতে হবে সমস্ত হোটেল মালিককে।তারাপীঠ হোটেল অ্যাসোসিয়েশনের সেক্রেটারি সুনীল গিরি জানান ” প্রত্যেক বছর পর্যটকদের কাছ থেকে এরকম অভিযোগ পাওয়া যাচ্ছে যে হোটেল ভাড়া অতিরিক্ত নেওয়া হচ্ছে। আর সেই কারণেই এই বছর তিন

# আত্মনির্ভর ভারত : শক্তিশালী এবং বিকশিত ভারতের ভিত্তি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

৭৯তম স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আত্মনির্ভর ভারতের ধারণাকে বিকশিত ভারতের মূল ভিত্তি হিসেবে বর্ণনা করেছেন। প্রতিরক্ষা, প্রযুক্তি, শক্তি, মহাকাশ এবং উদ্ভাবন ক্ষেত্রে ভারতের অগ্রগতির কথা উল্লেখ করেন তিনি। অপারেশন সিঁদুর প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, দেশের সামনে এসে পড়া চ্যালেঞ্জের মোকাবিলায় কৌশলগত ক্ষেত্রে স্বাধীনতা এবং অভ্যন্তরীণ সক্ষমতা মূল কথা। দেশের শক্তি, মর্যাদা এবং ২০৪৭ নাগাদ বিকশিত ভারত গড়ে তোলায় এই বিষয়গুলি মূল চালিকাশক্তি।

আত্মনির্ভর ভারত : প্রধানমন্ত্রী মোদীর উত্থাপিত মূল বিষয়গুলি

১) প্রতিরক্ষা ক্ষেত্রে স্বনির্ভরতা এবং অপারেশন সিঁদুর : অপারেশন সিঁদুর প্রতিরক্ষা ক্ষেত্রে ভারতের স্বনির্ভরতাকে তুলে ধরেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন। দেশে তৈরি অস্ত্র ও প্রতিরক্ষা সরঞ্জাম ভারতকে নিজের সিদ্ধান্ত অনুযায়ী কাজ করতে সক্ষম করেছে বলে তিনি জানান। প্রধানমন্ত্রী বলেন, জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে বিদেশের ওপর নির্ভরশীলতা কোনমতেই বাঞ্ছনীয় নয়।

২) জেট ইঞ্জিনের ক্ষেত্রে স্বনির্ভরতা : ভারতে জেট ইঞ্জিন তৈরি করায় তিনি এ দেশের উদ্ভাবনী শক্তিসমৃদ্ধ তরুণ সমাজের প্রতি আবেদন রেখেছেন।

এরপর ৫ পাতায়

## সম্পাদকীয়

### শোকার্ত মৃত চাকরিহারা শিক্ষকের স্ত্রী

চাকরি বাতিলের পর থেকেই ভুগছিলেন মানসিক চাপে। এরপর স্ট্রোক হয়। আর এন টেগোর হাসপাতালের ক্রিটিক্যাল কেয়ার ইউনিটে ভর্তিও ছিলেন। কিন্তু শেষরক্ষা হল না। এদিন সকালে মৃত্যু হল এসএসসি-র চাকরি হারা শিক্ষক ও আন্দোলনকারী সুবল সোরেনের। চাকরি বাতিলের পর থেকে চাপে ছিলেন, দাবি শোকার্ত পরিবারের।পশ্চিম মেদিনীপুরের ডেবরায় সুবল সোরেনের মৃতদেহ পৌঁছলে বেশকিছু চাকরিহারা শিক্ষক ও স্থানীয় মানুষজন দেহ আটকে বিক্ষোভ দেখাতে শুরু করেন। অবরুদ্ধ হয়ে যায় ১৬ নম্বর জাতীয় সড়ক। পরে ডেবরা থানার পুলিশ এসে বিক্ষোভকারীদের হঠিয়ে দেয়। যা ঘিরে সাময়িক উত্তেজনা তৈরি হয়। মৃত চাকরিহারা শিক্ষকের চিকিৎসক অনিমেষ কর বলেন, "বেসিকালি ওনার মাথায় একটা বড় ব্লিডিং হয়। স্ট্রেসের জন্য প্রেসার বাড়তে পারে। এই বয়সে হঠাৎ চাকরিহারা হন সেক্ষেত্রে কনফিউসন হতে পারে। ওষুধ খাব লাইফ কী করে সামলাব। এতটাই প্রেসার ছিল না ৪টে ওষুধ দিয়ে আমরা প্রেসার কমাতে পারছিলাম না। স্ট্রেস অবশ্যই কনট্রিবিউটর।''তীব্র মানসিক চাপে পড়ে SSC-র এক চাকরিহারা 'যোগ্য' শিক্ষকের মৃত্যুর অভিযোগ উঠল। শুক্রবার সকালে আর এন টেগোর হাসপাতালে মৃত্যু হয় পশ্চিম মেদিনীপুরের বাসিন্দা সুবল সোরেনের। বছর সাঁইতিরিশের সুবল সোরেন। পশ্চিম মেদিনীপুরের মোহনপুরের বৌলাসিণী বিবেকানন্দ উচ্চতর বিদ্যালয়ের একাদশ-দ্বাদশের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক ছিলেন। পরিবারের বক্তব্য, চাকরি বাতিলের পর থেকেই তীব্র মানসিক যন্ত্রণায় ভুগছিলেন সুবল সোরেন। আদালতের নির্দেশে চলতি বছরের ডিসেম্বর মাস পর্যন্ত বেতন মিলবে। তারপর কী হবে, এই চিন্তা কুড়ে কুড়ে খাচ্ছিল চাকরিহারা এই শিক্ষককে। এরইমধ্যে ধীরে ধীরে তাঁর শরীর খারাপ হতে শুরু করে। শেষে সোমবার স্ট্রোক হয়।

এই মৃত্যুর খবরে আকাশ ভেঙে পড়েছে মৃত সুবল সোরেনের পরিবারের মাথায়। মৃত চাকরিহারা শিক্ষকের স্ত্রী সন্ধ্যা সোরেন বলেন, "ওই চাকরির জন্য....মমতা মুখ্যমন্ত্রী। এর দায়ী হচ্ছে মমতা মুখ্যমন্ত্রী। আমি কী করে থাকব আমার বাচ্চার ২ বছর বয়স। অনেক চিন্তা করত যে কী হবে না হবে! চাকরি নিয়ে সবসময় চিন্তা করত। চাকরি তো চলেই গেছে। অগাস্ট মাসে যে রিভিউ পিটিশন ছিল, বলেছিল যে কোনওকিছু একটা হবে। দিয়ে যখন কিছুই হল না, আবার অনেক ভেঙে পড়ল। হঠাৎ করে অসুস্থ হয়ে পড়ল। বেশি চাপ নিতে পারল না। টেনশন আমি বেশি নিতে পারছি না।''

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(একুশতম পর্ব)



ঘুরে দাঁড়িয়ে প্রতিশোধ নিয়েছিলেন এবং প্রতিষ্ঠিত হয়েছিল। এ বিশ্ব মাঝার এ পূজিত হয়েছিল মনসা দেবী,স্মৃতি আজও গ্রাম বাংলার মনসা মঙ্গল যাত্রা পালাতে দেখা যায়।ছোটবেলার গ্রাম্য সংস্কৃতি থেকে মনসা দেবী সম্পর্কে যা জানতে পেরেছিলাম তা আমি আজ আমার কলমে লিপিবদ্ধ করে এই লেখাটি ইতিবৃত্ত করতে চাইছে ।শিব বলেন, যদি চাঁদ সওদাগর মনসার পূজা দিতে রাজী হয়, তবে দুনিয়ায় মনসার পূজার প্রচলন হবে। শিব ভক্ত চাঁদ সওদাগর তুচ্ছ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# ইসকন মন্দিরে রেকর্ড পরিমাণ ভক্ত সমাগম

রাজনীতির স্বার্থে চলছে মনুষ্যত্বের অবমাননা। মানবসমাজ বিভ্রান্ত ও দিশেহারা। গোটা বিশ্বে ত্রাসের জন্য ধাবমান দুষ্টগ্রহ। এই সংকটময় সময়ে মানবসমাজকে রক্ষাকল্পে তিনি স্বমহিমায় কঠোর হস্তে গ্লানি দূর করে ধর্ম সংস্থাপন করুন। শুভ জন্মাষ্টমীতে যুগাবতারের চরনে এই আমাদের ঐকান্তিক প্রার্থনা।

শনিবার সকাল থেকেই চলছে সেই প্রস্তুতি। আর এই উৎসবকে কেন্দ্র করে উপস্থিত হয়েছে বহু দুর দুরান্ত থেকে অসংখ্য ভক্ত। ইস্কন সুত্রে জানা যায় শনিবার সকাল দশটার পর শুরু হয় বিশেষ পুজা ও হোমযজ্ঞ।

ইস্কন সুত্রে আরও জানা যায় , ১৬ ই আগস্ট ২০২৫ শনিবার পালন করা হবে শ্রীকৃষ্ণের আবির্ভাব শুভ জন্মাষ্টমী ও আগামীকাল ১৭ ই আগস্ট ২০২৫ রবিবার পালিত হবে নন্দোৎসব। সহ ইসকন প্রতিষ্ঠাতা আচার্য ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদের ১২৯ তম জন্মজয়ন্তী পালন করা হবে। দেশি বিদেশি অসংখ্য ভক্ত সমাগম হয় এই উৎসবকে কেন্দ্র করে।কঠোর করা হয় সার্বিক নিরাপত্তা ব্যবস্থা। ভগবান শ্রীকৃষ্ণ ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে রাতের সাত প্রহরের পর অষ্টম প্রহরে এক সংকটময় সময়ে শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী রূপে দুর্যোগ দুর্বিপাকের মধ্যে মথুরায় কংশের কারাগারে আবির্ভূত হয়েছিলেন।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এর একটা কারণ হল এই যে আদিযুগে বাঙালি জ্ঞানীরা সঙ্গে একটি ডঙ্কা রাখতেন, যেটা তাঁরা কৃতকার্য হলে বাজাতেন, সেখান থেকে ডাক অর্থে জ্ঞানী এসে থাকতে পারে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# আত্মনির্ভর ভারত : শক্তিশালী এবং বিকশিত ভারতের ভিত্তি

৩) সেমি-কন্ডাক্টর এবং উচ্চ প্রযুক্তির ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকা : ২০২৫-এর শেষ নাগাদ মেড ইন ইন্ডিয়া সেমি-কন্ডাক্টর চিপ ভারতের হাতে এসে যাবে এবং এর ফলে কৃত্রিম বুদ্ধিমত্তা, সাইবার নিরাপত্তা, অত্যাধুনিক প্রযুক্তি প্রভৃতি বিষয়ে এই দেশ আন্তর্জাতিক প্রতিযোগিতার আঙিনায় অন্যতম পক্ষ হয়ে উঠবে বলে প্রধানমন্ত্রী আশাবাদী।

৪) মহাকাশ ক্ষেত্রে স্বনির্ভরতা :

*গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লার সাফল্যের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী ভারতের নিজস্ব মহাকাশ কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনার কথা ঘোষণা করেন।

*প্রধানমন্ত্রী বলেন, কৃত্রিম উপগ্রহ এবং মহাকাশ প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে উদ্ভাবনামূলক উদ্যোগে নিয়োজিত ৩০০-রও বেশি স্টার্ট-আপ। এই বিষয়টি মহাকাশ বিজ্ঞান ও অভিযানের ক্ষেত্রে ভারতকে নেতৃস্থানীয় ভূমিকায় তুলে নিয়ে যাচ্ছে।

৫) পরিবেশ-বান্ধব এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি :

*শক্তিক্ষেত্রে স্বনির্ভরতার গুরুত্ব উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তরুণ প্রজন্মের ভবিষ্যৎ এবং কৃষক সহ শ্রমজীবী মানুষের কল্যাণে এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

*সারা বিশ্ব যখন উষ্ণায়ন নিয়ে উদ্বিগ্ন, তখন ভারত ২০৩০ নাগাদ জ্বালানি ক্ষেত্রে পরিবেশ-বান্ধব শক্তির অবদান ৫০ শতাংশে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা রেখেছিল। কিন্তু মানুষের সহযোগিতা এবং দায়বদ্ধতার কল্যাণে ২০২৫-এই সেই লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব হয়েছে বলে প্রধানমন্ত্রী জানান।

*সৌর, পরমাণু, জল এবং হাইড্রোজেনের মতো উৎস থেকে বিদ্যুৎ উৎপাদনের কাজ অনেক দূর এগিয়েছে – এই সাফল্য জ্বালানি ক্ষেত্রে স্বনির্ভরতার দিকে দেশকে এগিয়ে নিয়ে চলেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন।

*বেসরকারি মহলকে সামিল করে ভারত নিজের পরমাণু শক্তিক্ষেত্রকে প্রসারিত করতে চায় বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন। তিনি বলেন, ১০টি নতুন নিউক্লিয়ার চুল্লি এখন কাজ করছে। স্বাধীনতার শতবর্ষের সময় ভারতের পরমাণু শক্তি উৎপাদন ক্ষমতা দশগুণ বৃদ্ধি করার লক্ষ্য নেওয়া হয়েছে।

৬) ন্যাশনাল ক্রিটিকাল মিনারেলস মিশন : বিদ্যুৎ, শিল্প, প্রতিরক্ষা প্রভৃতি গুরুত্বপূর্ণ ক্ষেত্রের জন্য প্রয়োজনীয় সম্পদ আহরণে ভারত ন্যাশনাল ক্রিটিকাল মিনারেলস মিশন-এর সূচনা করেছে। এই কর্মসূচির আওতায় ১,২০০টি এলাকায় কাজ চলছে। গুরুত্বপূর্ণ এইসব খনিজ দেশের কৌশলগত স্বাধীনতা অনেক বাড়িয়ে তুলবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

৭) ন্যাশনাল ডিপ ওয়াটার এক্সপ্লোরেশন মিশন : গভীর সমুদ্রে থাকা শক্তির উৎস আহরণ এবং তার ব্যবহারের মাধ্যমে ভারত জ্বালানি ক্ষেত্রে আমদানি নির্ভরতা কমাতে চায় বলে প্রধানমন্ত্রী জানান।

৮) কৃষি ও সার ক্ষেত্রে স্বনির্ভরতা : দেশজ সার উৎপাদন ক্ষেত্রকে আরও শক্তিশালী করা কৃষকদের ক্ষমতায়ন ও খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে অত্যন্ত জরুরি বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন। কৃষিক্ষেত্রে আমদানি নির্ভরতা কমালে কৃষকদের কল্যাণ এবং ভারতের অর্থনৈতিক সার্বভৌমত্ব নিশ্চিত হবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন।

৯) ডিজিটাল সার্বভৌমত্ব এবং দেশজ মঞ্চ : ভারতের নিজস্ব সামাজিক মাধ্যম মঞ্চ গড়ে তোলায় উদ্যোগী হতে প্রধানমন্ত্রী দেশের তরুণ প্রজন্মের প্রতি আবেদন রেখেছেন। তেমনটা হলে, ডিজিটাল পরিকাঠামো এবং এ সংক্রান্ত যাবতীয় পরিমণ্ডল অনেক সুরক্ষিত হবে বলে প্রধানমন্ত্রী জানান।

১০) ওষুধ এবং উদ্ভাবন ক্ষেত্রে স্বনির্ভরতা : সারা বিশ্বের ঔষধ কেন্দ্র হিসেবে ভারতের স্বীকৃতির কথা তুলে ধরে প্রধানমন্ত্রী এ বিষয়ে আরও গবেষণা ও বিনিয়োগের ডাক দেন।

*ভারতে নতুন ওষুধ, প্রতিষেধক এবং জীবনদায়ী চিকিৎসা প্রণালী গড়ে তোলার ডাক দিয়েছেন প্রধানমন্ত্রী।

*কোভিড অতিমারীর সময় CoWin-এর মতো মঞ্চ সারা বিশ্বের বহু মানুষের প্রাণ বাঁচিয়েছে বলে উল্লেখ করে এই ধরনের উদ্ভাবনায় আরও উদ্যোগী হওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী।

*নতুন ওষুধ এবং চিকিৎসা প্রযুক্তির মেধাস্বত্ব সংগ্রহ করায় সচেষ্ট হতে প্রধানমন্ত্রী গবেষক ও উদ্যোগপতিদের প্রতি আহ্বান জানান।

১১) স্বদেশীর প্রসার : ভারতে তৈরি পণ্যের বিক্রয় ও ব্যবহার বাড়ানোর ডাক দিয়েছেন প্রধানমন্ত্রী। জোরদার সওয়াল করেছেন 'ভোকাল ফর লোকাল'-এর পক্ষে। বিপণীর বাইরে 'স্বদেশী' লেখা বোর্ড টাঙানো থাকলে এই কাজে গতি আসবে বলে প্রধানমন্ত্রী পরামর্শ দেন।

১২) মিশন সুদর্শন চক্র : প্রধানমন্ত্রী 'মিশন সুদর্শন চক্র'-এর সূচনার কথা ঘোষণা করেন। এর লক্ষ্য, অনুপ্রবেশকারীদের প্রতিরোধ করা এবং ভারতের সামরিক সক্ষমতা বৃদ্ধি।

*এই মিশনের সঙ্গে শ্রীকৃষ্ণের সুদর্শন চক্রের তুলনা টেনে প্রধানমন্ত্রী বলেন, আধুনিক প্রতিরক্ষা ক্ষেত্রে উদ্ভাবনার বিষয়েও ভারত নিজের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের বিভিন্ন উৎসকে কাজে লাগাতে চায়।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সখা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# চট্টগ্রামে জন্মাষ্টমীর শোভাযাত্রায় চিন্ময় প্রভুর মুক্তির দাবিতে শ্লোগান দেওয়ার অপরাধে আটক ৬

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**চট্টগ্রাম:** রাষ্ট্রদ্রোহ মামলায় ৯ মাস জেলে বন্দি ইসকন সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের মুক্তির দাবি জানিয়ে শ্লোগানের অপরাধে ৬ জনকে আটক করেছে পুলিশ। আর মোল্লা ইউনূসের পুলিশের ওই তালিবানি আচরণে ক্ষোভে ফেটে পড়েছেন হিন্দুরা। পূজা উদযাপন পরিষদ থেকে শুরু করে একাধিক সংখ্যালঘু সংগঠনের তরফে ধৃতদের অবিলম্বে মুক্তি দেওয়ার দাবি জানানো হয়েছে।



শনিবার ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি উপলক্ষে আন্দরকিল্লা মোড় থেকে এক শোভাযাত্রা বের করেন হিন্দু সম্প্রদায়ের সদস্যরা। শোভাযাত্রাটি লালদীঘি পাড় হয়ে নিউমার্কেটসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ঘুরে জে এম সেন হল প্রাঙ্গনে গিয়ে শেষ হয়। শোভাযাত্রায় জেলবন্দি ইসকন সন্ন্যাসী চিন্ময় প্রভুর মুক্তির দাবি জানিয়ে প্ল্যাকার্ড হাতে ছিলেন বেশ কয়েকজন। এমনকি অবিলম্বে তাঁকে মুক্তি দেওয়ার দাবি জানিয়ে শ্লোগানও দেওয়া হয়। আর ওই শ্লোগান দেওয়ার অপরাধেই মিছিল থেকে টেনেহিঁচড়ে ছয় জনকে আটক করা হয়। কোতোয়ালি থানার ওসি আবদুল করিম সংবাদমাধ্যমকে জানিয়েছেন, 'তদারকি সরকারের শীর্ষ মহলের নির্দেশেই ওই ছয় জনকে আটক করা হয়েছে।' কারও মুক্তির দাবিতে শ্লোগান দেওয়া আইনগত অপরাধ কিনা জানতে চাওয়া হলে কোনও জবাব দিতে চাননি তিনি।গত বছরের ৫ অগস্ট শেখ হাসিনা জমানার পতনের পরে ৮ অগস্ট কুর্সি দখল করে পাকিস্তানি রাজাকার মোল্লা মুহাম্মদ ইউনূস। তার নির্দেশে দেশ জুড়ে শুরু হয় হিন্দু খতম অভিযান। ওই খতম অভিযানে সামিল হয় বিএনপি-জামায়াত ইসলামী-ইসলামী শাসনতন্ত্র সহ হিন্দু বিদ্বেষী দলের নেতা-কর্মীরা। দেশ জুড়ে হিন্দু নিধন যজ্ঞের বিরুদ্ধে সরব হন চট্টগ্রামের পুণ্ডরীক ধামের প্রধান তথা প্রাক্তন ইসকন সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাস ব্রহ্মচারী। খুলনা, সিলেট, চট্টগ্রাম সহ দেশের একাধিক বিভাগীয় শহরে হিন্দুদের নিয়ে বিক্ষোভ সমাবেশের আয়োজন করেন তিনি। ওই বিক্ষোভ সমাবেশে হিন্দুদের ভিড় দেখে ঘাবড়ে যায় রাজাকার ইউনূসের সরকার। মুসলিম দেশের বাসিন্দা হয়ে মুসলিম শাসকদের বিরুদ্ধে কণ্ঠ তোলায় চিন্ময় প্রভুকে সবক শেখাতে আসরে নামে তদারকি সরকার এবং বিএনপি। গত বছরের অক্টোবরে জাতীয় পতাকার অবমাননার অভিযোগ তুলে চিন্ময় প্রভুর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা হয়। ২৫ নভেম্বর ঢাকা থেকে চট্টগ্রাম যাওয়ার পথে তাঁকে গ্রেফতার করে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখার আধিকারিকরা।

পরের দিন ২৬ নভেম্বর চট্টগ্রাম আদালতে পেশ করা হয় চিন্ময় প্রভুকে। দেশের প্রধান বিচারপতি তথা রাজাকার পরিবারের সন্তান সৈয়দ রেফাত আহমেদের নির্দেশে ইসকন সন্ন্যাসীর জামিন নাকচ করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন চট্টগ্রামের মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট সাইফুল আলম। এজলাস থেকে চিন্ময় প্রভুকে প্রিজন ভ্যানে তোলার সময়ে বিক্ষোভ দেখান সনাতনী সম্প্রদায়ের সদস্যরা। পাল্টা তাদের উপরে চড়াও হয় আইনজীবী সাইফুল আলম আলিফের নেতৃত্বে জামায়াত ইসলামীর সশস্ত্র ক্যাডাররা দুপক্ষের মধ্যে শুরু হয় সংঘর্ষ। ওই সংঘর্ষের সময়ে প্রাণ হারান সাইফুল। ওই মামলায় গত মে মাসে গ্রেফতার দেখানো হয় চিন্ময় প্রভুকে। গত ১ জুলাই তাঁর বিরুদ্ধে চার্জশিট দাখিল করা হয়।

# ফের তৃণমূল বনাম তৃণমূল! বেলেঘাটায় দলীয় কর্মীকে কুপিয়ে খুনের চেষ্টা, গ্রেফতার ১

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ফের তৃণমূল বনাম তৃণমূল ! কলকাতায় ধরা পড়ল শাসক দলের গোষ্ঠীকোন্দলের ছবি। তৃণমূল কর্মীর ওপর হামলার অভিযোগে গ্রেফতার করা হয়েছে দলেরই এক কর্মীকে। আহত তৃণমূল কর্মী এনআরএস হাসপাতালে ভর্তি। পরিবারের দাবি, কুপিয়ে খুনের চেষ্টা করা হয়েছে তাঁকে। তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল নয়।

বেলেঘাটার উড়িয়াবাগানে এই তৃণমূল কর্মীকে কুপিয়ে খুনের চেষ্টা করা হয়েছে বলে অভিযোগ। ধারাল অস্ত্র নিয়ে তাঁর ওপরে চড়াও হয় বেশ কয়েকজন। এই ঘটনাতেই তিনি মারাত্মক জখম হয়েছেন। স্থানীয় সূত্রে খবর, তাপস বন্দ্যোপাধ্যায় নামের ওই তৃণমূল কর্মীর ওপর হামলা চালিয়েছে তৃণমূলেরই লোক। তাপসের পরিবারও একই অভিযোগ করেছে। ইতিমধ্যে সৌরভ দাস এবং গুড্ডু নামের যে দুজন অভিযুক্ত তাদের মধ্যে সৌরভকে গ্রেফতার করেছে পুলিশ, অন্যজন পলাতক। এরা শাসক দলেরই কর্মী বলে জানা গেছে।

আহত তৃণমূল কর্মীর পরিবারের দাবি, শুক্রবার রাতে উড়িয়াবাগান বাসস্ট্যান্ডের কাছে আড্ডা মারার সময় তাপসের ওপর হামলা হয়। আহতর ভাই জানিয়েছেন, আচমকা সেখানে এসে গালিগালাজ করতে থাকে সৌরভ। কিছুক্ষণ পর গুড্ডুকে নিয়ে এসে তাঁর দাদার ওপর হামলা চালান। একের পর এক কোপ মারা হয়।

ঠিক কী কারণে এই ঘটনা ঘটল তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ। ব্যক্তিগত শত্রুতার জেরে হামলা নাকি, রাজনৈতিক ইস্যু, সেটাই মূল প্রশ্ন। যদিও তাপসের পরিবারের অভিযোগ, রাজনীতির কারণেই তাঁকে খুন করার চেষ্টা করা হয়েছে।

# সিনেমার খবর

cinema TV

## ১০ বছর পর বড় পর্দায় আসছে দেব-শুভশ্রী

স্টাফ রিপোর্টার, রোজদিন

দশকের অপেক্ষা শেষে অবশেষে বড় পর্দায় ফিরছে টলিউডের জনপ্রিয় জুটি দেব ও শুভশ্রী। দীর্ঘ ১০ বছর পর তাঁদের একসঙ্গে দেখা যাবে নতুন ছবি 'ধূমকেতু'-তে। সোমবার ছবির ট্রেলার লঞ্চ অনুষ্ঠানে উপস্থিত হয়ে একসঙ্গে মঞ্চে দাঁড়ান দুই তারকা। অনুরাগীদের উচ্ছ্বাসে তখন মুখর হয়ে ওঠে গোটা আয়োজন।



অনুষ্ঠানের শুরুতেই দেবকে উদ্দেশ্য করে শুভশ্রীর মজার ছলে বলা প্রস্তাব, 'আমার সঙ্গে বন্ধুত্ব করবে?' জবাবে দেবের পাল্টা প্রশ্ন, 'কেন?' একগাল হেসে শুভশ্রী জানান, 'এমনি।' মুহূর্তেই হালকা মেজাজে জমে ওঠে মঞ্চ।

দেবও ছাড়েননি। শুভশ্রীর দিকে তাকিয়ে জিজ্ঞেস করেন, 'ছবির প্রচারে আমার নাম এলেই তোমার মুখটা এমন গম্ভীর হয়ে যাচ্ছিল কেন?' একটু থেমে শুভশ্রীর উত্তর, 'এটা সম্পূর্ণ ভুল ধারণা। শুভশ্রী নামের সঙ্গেই হাসি জড়িয়ে থাকে।'

অনুরাগীদের উৎসাহে সোশ্যাল মিডিয়ায় একে-অন্যকে ফলোব্যাক করেন তাঁরা, তুলেন সেলফিও। ভক্তদের উদ্দেশে মঞ্চ থেকেই প্রতিশ্রুতি দেন এই জুটি আবারও ফিরবে একসঙ্গে আরও নতুন গল্প নিয়ে।

অনুষ্ঠানের শেষদিকে তাঁদের বিখ্যাত গানে নাচ করে আবেগঘন মুহূর্ত তৈরি করেন দেব ও শুভশ্রী। মজার ছলে অতীতে তাঁদের মধ্যে তৈরি হওয়া 'সন্তান', 'খাদান' বিতর্কেরও যেন একপ্রকার ইতি টানলেন তাঁরা।

এখন অপেক্ষা, 'ধূমকেতু' কতটা আলোড়ন তোলে প্রেক্ষাগৃহে।

## মৃনালের সঙ্গে ধানুষের প্রেমের গুঞ্জন

স্টাফ রিপোর্টার, রোজদিন

বিবাহবিচ্ছেদের পর দক্ষিণী সুপারস্টার ধানুষের ব্যক্তিগত জীবন নিয়ে নতুন করে জল্পনা শুরু হয়েছে। সম্প্রতি 'সীতা রমন' খ্যাত অভিনেত্রী মৃণাল ঠাকুরের সঙ্গে তার ঘনিষ্ঠতার কারণে সোশ্যাল মিডিয়ায় প্রেমের গুঞ্জন ছড়িয়েছে।



সাম্প্রতিক একাধিক অনুষ্ঠানে দু'জনকে একসঙ্গে দেখা গেছে। গত ১ আগস্ট ছিল মৃণাল ঠাকুরের জন্মদিন। সেই তারকা খচিত পার্টিতে ধানুষের উপস্থিতি ভক্তদের কৌতূহল আরও বাড়িয়ে দেয়। জন্মদিনের একটি ভিডিও ভাইরাল হয়েছে, যেখানে দেখা যাচ্ছে—মৃণালের হাত ধরে ঘনিষ্ঠভাবে কথা বলছেন ধানুষ। এই দৃশ্য থেকেই অনেকে ধরে নিচ্ছেন, তাদের মধ্যে বিশেষ সম্পর্ক গড়ে উঠেছে।

এছাড়া, মৃণালের সদ্য মুক্তিপ্রাপ্ত সিনেমা 'সান অফ সর্দার ২'-এর বিশেষ প্রদর্শনী দেখতে মুম্বাই উড়ে যান ধানুষ। সেখানেও দু'জনকে একসঙ্গে দেখা যায়, এবং ঘনিষ্ঠভাবে কথা বলতে দেখা গেছে—যার একটি ভিডিও ইতিমধ্যেই ভাইরাল।

তবে এটিই প্রথম নয়। এর আগে ধানুষের আসন্ন ছবি 'তেরে ইশক মে'-কে ঘিরে আয়োজিত একটি পার্টিতেও একসঙ্গে দেখা গিয়েছিল মৃণাল ও ধানুষকে। লেখিকা কণিকা ঢিলোঁর আয়োজনে হওয়া সেই পার্টির ছবিও ছড়িয়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে।

সবমিলিয়ে নেটিজেনদের মন্তব্য, ধানুষের প্রাক্তন স্ত্রী ঐশ্বরিয়া রজনীকান্তের সঙ্গে বিবাহবিচ্ছেদের পর হয়তো মৃণাল ঠাকুরই এখন তার জীবনের নতুন সঙ্গী। যদিও এ বিষয়ে এখনও পর্যন্ত কেউই আনুষ্ঠানিকভাবে কিছু জানাননি।

## 'অভিনন্দন লিজেন্ড'— শাহরুখকে এ আর রহমান



স্টাফ রিপোর্টার, রোজদিন

'জওয়ান' সিনেমার জন্য প্রথমবারের মতো ভারতের জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাচ্ছেন বলিউড কিং শাহরুখ খান। তিন দশকেরও বেশি সময়ের ক্যারিয়ারে অসংখ্য আন্তর্জাতিক সম্মাননা পেলেও এবারই প্রথম জাতীয় পুরস্কার অর্জন করলেন তিনি।

৭১তম জাতীয় চলচ্চিত্র উৎসবের ঘোষণা আসার পর শাহরুখ এক ভিডিও বার্তায় ভারত সরকার ও সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান এবং ভক্তদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অস্কারজয়ী সংগীত পরিচালক এ আর রহমান এক্সে (সাবেক টুইটার) পোস্ট করে লিখেছেন—'অভিনন্দন লিজেন্ড' এবং সঙ্গে দিয়েছেন ফুলের ইমোজি।

এছাড়া 'জওয়ান'-এ শাহরুখের 'মা' চরিত্রে অভিনয় করা ঋদ্ধি সেন পোস্টে লিখেছেন—"সবচেয়ে ভালো খবর, সবচেয়ে ভালো ছবি। অভিনন্দন তোমাকে, অ্যাটলি এবং পুরো টিমকে অনেক ভালোবাসা।"

# না ফেরার দেশে চলে গেলেন অস্ট্রেলিয়ান কিংবদন্তি বব সিম্পসন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অস্ট্রেলিয়ার সাবেক অধিনায়ক ও দেশটির প্রথম পূর্ণ মেয়াদের কোচ বব সিম্পসন মারা গেছেন। সিডনিতে ৮৯ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি। সিম্পসনের মৃত্যুর খবর নিশ্চিত করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া।



অস্ট্রেলিয়ার ক্রিকেটে অন্যতম প্রভাবশালী ব্যক্তিত্ব সিম্পসন। ১৯৫৭ থেকে ১৯৭৮ সাল পর্যন্ত দেশের হয়ে খেলেছেন তিনি। মোট ৬২টা টেস্টে ৪৬.৮১ গড়ে ৪,৮৬৯ রান করেছেন। উইকেট নিয়েছেন ৭১টা। অস্ট্রেলিয়ার ক্রিকেটে তিনিই প্রথম পূর্ণ সময়ের কোচ।

১১ বছর খেলার পর ১৯৬৮ সালে তিনি ক্রিকেট থেকে অবসর নেন। কিন্তু ন'বছর পর ১৯৭৭ সালে কেরি প্যাকারের ওয়ার্ল্ড সিরিজ ক্রিকেট বিতর্কের সময় দেশের প্রয়োজনে তিনি অবসর ভেঙে আবার আন্তর্জাতিক ক্রিকেটে ফিরে আসেন। তাকেই অধিনায়ক করা হয়। তার ১০টা টেস্ট শতরানের সবগুলোই অধিনায়ক হিসেবে। একটা ত্রিশতরান এবং দুটো দ্বিশতরানও রয়েছে এই প্রাক্তন ওপেনারের।

১৯৮৬ সালে সিম্পসনকে আবার দরকার হয় অস্ট্রেলিয়ার। তার আগে দু'বছর কোনও টেস্ট সিরিজ জিততে পারেনি অসিরা। তৎকালীন অধিনায়ক অ্যালান বর্ডারের সঙ্গে অস্ট্রেলিয়া দলের ক্রিকেট সংস্কৃতি বদলে দিয়েছিলেন সিম্পসন। ডেভিড বুন, ডিন জোন্স, স্টিভ ওয়া, ক্রেগ ম্যাকডারমট, মার্ভ হিউজদের অস্ট্রেলিয়া দল ঘুরে দাঁড়ায়। ১৯৮৭ সালে ইডেনে প্রথম বিশ্বকাপ জয়ের স্বাদ পায় বর্ডার-সিম্পসনের অস্ট্রেলিয়া।

সেই বছরই অস্ট্রেলিয়ার নির্বাচকও করা হয় সিম্পসনকে। মার্ক টেলর, ইয়ান হিলি, মার্ক ওয়া, জাস্টিন ল্যাঙ্গার, শেন ওয়ার্ন, ম্যাথু হেডেন, গ্লেন ম্যাকগ্রা, রিকি পন্টিংদের নিয়ে অস্ট্রেলিয়ার ক্রিকেটের সোনালি যুগের সূচনা হয় তখন থেকেই। কার্যত অপ্রতিরোধ্য হয়ে ওঠে সেই অস্ট্রেলিয়া দল।

১৯৮৯ সালে অ্যাসেজ পুনরুদ্ধার করে অস্ট্রেলিয়া, যা ২০০৫ সাল পর্যন্ত তাদের দখলে ছিল। ১৯৭৬ সালের পর ১৯৯৫ সালে ওয়েস্ট ইন্ডিজকে প্রথম টেস্ট সিরিজে হারাতে সক্ষম হয় অস্ট্রেলিয়া। পরের বছর ১৯৯৬ সালে কোচের দায়িত্ব থেকে সরে যান সিম্পসন।

## এলএ গ্যালাক্সির বিপক্ষে ফিরতে 'প্রস্তুত' মেসি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

চলতি মাসের শুরুতে লিগস কাপের ম্যাচে নেক্সাসের বিপক্ষে একাদশ মিনিটে চোট পেয়ে মাঠ ছাড়েন লিওনেল মেসি। এরপর প্রায় দুই সপ্তাহ ধরে মাঠের বাইরে থাকতে হয় তাকে। সুখবর হচ্ছে চোট কাটিয়ে মাঠে ফিরতে যাচ্ছেন তিনি।

ইন্টার মায়ামির প্রধান কোচ হাভিয়ের মাসচেরানো জানালেন, এলএ গ্যালাক্সির বিপক্ষে ফিরতে প্রস্তুত আছেন মেসি।

মেজর লিগ সকারে (এমএলএসে) বাংলাদেশ সময় রবিবার ভোরে ঘরের মাঠে এলএ গ্যালাক্সির মুখোমুখি হবে মায়ামি। শুক্রবার সংবাদ সম্মেলনে কোচ মাসচেরানো বলেন, এই ম্যাচের দলে থাকবেন মেসি।

তিনি বলেন, "লিও ভালো আছে। বুধবার থেকে দলের সঙ্গে আছে সে। আমাদের বিশ্বাস, যদি অস্বাভাবিক কিছু না ঘটে, তাহলে আগামীকালের ম্যাচের জন্য তাকে ডাকা হবে।"

চোটে পড়ার আগে দারুণ ফর্মে ছিলেন মেসি। এবার এমএলএসে ১৭ ম্যাচে ১৮ গোল করে এখনও যৌথভাবে আসরের সর্বোচ্চ স্কোরার তিনি। এছাড়া ১০টি অ্যাসিস্টও করেছেন সাবেক বার্সেলোনা ফরোয়ার্ড। ২৩ ম্যাচে ৪২ পয়েন্ট নিয়ে এমএলএসের ইস্টার্ন কনফারেন্সের পয়েন্ট তালিকায় ছয় নম্বরে আছে মায়ামি। ২৬ ম্যাচে ৫১ পয়েন্ট নিয়ে শীর্ষে ফিলাডেলফিয়া।

## এশিয়া কাপের দল ঘোষণা করল আফগানিস্তান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে আসন্ন ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজ এবং এরপর শুরু হওয়া এশিয়া কাপের জন্য ২২ সদস্যের প্রাথমিক দল ঘোষণা করেছে আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি)। দলের নেতৃত্বে থাকছেন নিয়মিত অধিনায়ক এবং তারকা লেগস্পিনার রশিদ খান।

আগামী ২৯ আগস্ট থেকে সংযুক্ত আরব আমিরাতে শুরু হতে যাওয়া ত্রিদেশীয় সিরিজে অংশ নেবে আফগানিস্তান, পাকিস্তান এবং স্বাগতিক ইউএই। সবগুলো ম্যাচ অনুষ্ঠিত হবে শারজাহতে, আর ৭ সেপ্টেম্বর ফাইনালের মাধ্যমে শেষ হবে এই টুর্নামেন্ট। এরপর ৯ সেপ্টেম্বর থেকে শুরু হবে এশিয়া কাপের মূল পর্ব, যেখানে অংশ নেবে ভারত, পাকিস্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কা, আফগানিস্তান, ইউএই, হংকং ও ওমান।

আফগানিস্তানের দলটি সিরিজ শুরুর আগে দু'সপ্তাহব্যাপী প্রস্তুতি ক্যাম্পে অংশ নেবে সংযুক্ত আরব আমিরাতে। প্রস্তুতির অংশ হিসেবে অনুশীলন ও কয়েকটি অনানুষ্ঠানিক ম্যাচও খেলবে দলটি।



তবে ঘোষিত স্কোয়াডে জায়গা হয়নি দলের অন্যতম অভিজ্ঞ স্পিনার মুজিব-উর রহমানের। এছাড়া টি-টোয়েন্টিতে আফগানিস্তানের তৃতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক নাজিবউল্লাহ জাদরানকেও রাখা হয়নি এই প্রাথমিক দলে। তবে স্কোয়াডে নিয়মিত মুখদের প্রায় সবাই রয়েছেন।

আফগানিস্তানের প্রাথমিক স্কোয়াড: রশিদ খান (অধিনায়ক), রহমানউল্লাহ গুরবাজ (উইকেটকিপার), আজমতউল্লাহ ওমরজাই, সেদিকউল্লাহ আতাল, গুলবাদিন নাঈব, ওয়াফিউল্লাহ তারাখিল, মুজিব জাদরান, ইবরাহিম জাদরান, এএম গজনফর, দারউইশ রাসুলি, নুর আহমদ, লাকানওয়াল, মোহাম্মদ ইশহাক, ফজলহক ফারুকি, নাভিন-উল-হক, ফরিদ মালিক, মোহাম্মদ নবি, নাঙ্গিয়াল খারোতি, শরাফুদ্দিন আশরাফ, করিম জানাত, সালিম সাফি, আব্দুল্লাহ আহমদজাই ও বশির আহমেদ।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR